গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৬ পালনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার তারিখ ও সময়	ঃ	১২/০৭/২০১৬, বেলা ০২.৩০ টা
স্থান	ঃ	স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ (কক্ষ নং- ৬০১, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক

২। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভাকে অবহিত করেন যে, আগামী ১৫ আগস্ট ২০১৬ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৬ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ১০/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভা আহবান করা হয়। সভায় বিস্তারিত আলোচনায় ১৫ আগস্ট ২০১৬ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি গৃহীত হয়:

নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১৫ আগস্ট, ২০১৬ তারিখ সোমবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	• স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;
০২	সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত । ▪ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	• ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
০৩	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ	• ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

	এবং ফাতেহা পাঠ ও দোয়া। • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিস্কার-পরিছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	
০৪	ক) ০৭.৩০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। এ লক্ষ্যে ০৭.০০ টায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন। খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থলে ও পার্শ্ববর্তী এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
০৫	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ভবন চত্বরে সুবিধাজনক সময়ে দোয়া মহফিলের আয়োজন করবে।	• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
০৬	ক) ১৫ আগস্ট, ২০১৬ তারিখ সোমবার সকাল ১০.০০ টায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মিলনায়তনে সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সমন্বয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি: ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি: জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ উপস্থিত থাকবেন। খ) ১৫ আগস্ট, ২০১৬ তারিখ সোমবার সকাল ১০.০০ টায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মিলনায়তনে অনুষ্ঠেয় আলোচনা সভায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট ও ঢাকা ওয়াসার কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন। গ) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

০৭	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, সকল সিটি কর্পোরেশন, সকল ওয়াসা দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নসহ মিলাদ মাহফিল, আলোচনা সভা, চিত্রাংকন/রচনা প্রতিযোগিতার আয়োজন করবে। স্ব স্ব অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহিত কর্মসূচি তদারকি করবে।	• অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ। • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/ রাজশাহী ওয়াসা/ খুলনা ওয়াসা • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন • চট্টগ্রাম সিটি কর্পোরেশন • রাজশাহী সিটি কর্পোরেশন • খুলনা সিটি কর্পোরেশন • সিলেট সিটি কর্পোরেশন • বরিশাল সিটি কর্পোরেশন • গাজীপুর সিটি কর্পোরেশন • নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন • কুমিল্লা সিটি কর্পোরেশন • রংপুর সিটি কর্পোরেশন
০৮	ক) দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। খ) স্ব স্ব অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহিত কর্মসূচি তদারকি করবে।	• অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ • মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্ত করেন।

আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০০৫. ২০১৫- ৯২২৭/১(৭) তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ / ১৭ জুলাই ২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

বিতরণ ঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। সহকারী সচিব(সকল)/কম্পিউটার প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন(সকল)।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা।

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd